# ‘কামপালা নীতিমালা সমীক্ষা’: CSO এর করণীয়

**ক. ভূমিকা**

সাম্প্রতিক বছরগুলিতে উন্নয়ন সহযোগিতায় বেসরকারী খাতের সম্পৃক্ততার বিষয়ে মনোযোগ বৃদ্ধি পেয়েছে। উন্নয়নে যুক্ত সকল পক্ষ ব্যবসার সম্পদ, উদ্ভাবন সম্ভাবনা ইত্যাদি কাজে লাগিয়ে বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলা এবং এজেন্ডা ২০৩০ বাস্তবায়নে আগ্রহী। মানুষকে দারিদ্র্য থেকে মুক্ত করা, উন্নয়ন অগ্রগতি তরান্বিত করা, সমাজকে আরো ন্যায়ভিত্তিক করে গড়ে তোলা, অর্থায়ন ও বিনিয়োগের সুযোগ অবারিত করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) পূরণে বেসরকারীখাতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আমলাতান্ত্রিক জটিলতা, বিশ্বাসের ঘাটতি, অগ্রাধিকার বাছাইয়ে গরমিল ইত্যাদি বিষয়গুলো সরকারের সাথে বেসরকারী খাত ও অন্যান্য উন্নয়ন সহযোগীদের কার্যকর অংশীদারীত্বের প্রতিবন্ধক। অথচ সরকার এবং বেসরকারী খাতের অংশীদারীত্বের অর্থই হলো টেকসই উন্নয়ন বিশেষতঃ  দারিদ্র্য হ্রাসের অপার সম্ভাবনার দুয়ার খুলে দেয়া।

**খ. কামপালা নীতিমালা কি?**

বেসরকারী খাতকে উন্নয়ন সহযোগিতায় কার্যকরভাবে যুক্ত করার প্রয়োজনীয়তায় উগান্ডার রাজধানী কামপালাতে বিভিন্ন স্টেকহোল্ডারদের সমন্বয়ে গঠিত একটি ওয়ার্কিং গ্রুপ **‘কামপালা নীতিমালা (Kampala Principles)’** তৈরী করে। গ্লোবাল পার্টনারশীপ এর স্টিয়ারিং কমিটি ২০১৯ সালের মার্চ মাসে এর অনুমোদন দেয়। Global Partnership for Effective Development Cooperation (GPEDC) এর সামগ্রিক মনিটরিংয়ের অংশ হলো Kapala Principles Assessment (**KPA**)। এই সমীক্ষার নেতৃত্ব এবং CSO ফোকাল পয়েন্টও GPEDC মনিটরিংয়ের অনুরূপ। ‘কামপালা নীতিমালা’ উন্নয়ন সহযোগিতায় বেসরকারী খাতকে অধিকতর কার্যকরী করতে সম্মিলিত প্রচেষ্টার পথ প্রদর্শক। এটি একটি দেশের সরকার, উন্নয়ন অংশীদার, সিভিল সোসাইটি সংস্থাসমূহ, ট্রেড ইউনিয়ন এবং বেসরকারী খাতকে উন্নয়ন সহযোগিতায় বেসরকারীখাতের গুরুত্বপূর্ণ অবদানসমূহ কিভাবে উন্নয়নে অবদান রেখে যাচ্ছে তা চিহ্নিত করতে সহায়ক। রাস্ট্রীয় পর্যায়ে এর সুফল পেতে করণীয় ঠিক করাও সহজ হবে। GPEDC এর মনিটরিংয়ের একটি অভিনবত্ব হলো - KPA এর মাধ্যমে উন্নয়ন সহায়তায় বেসরকারী খাতের ভূমিকার কারণে সৃষ্ট ভালো উদাহরণ, চ্যালেঞ্জ এবং সুযোগের বিষয়ে স্টেকহোল্ডারদের ভাবনার তুলনামূলক চিত্র ফুটিয়ে তোলা।

**গ. কামপালা নীতিমালার কাঙ্খিত ‘বিল্ডিং ব্লক’**

‘DNA’ হলো জীবনের ‘বিল্ডিং ব্লক’, ‘শব্দ’ হলো বাক্যের ‘বিল্ডিং ব্লক’। তেমনি কামপালা নীতমালার আছে পাঁচটি ‘বিল্ডিং ব্লক’। এগুলো উন্নয়ন সহায়তায় বেসরকারী খাতের কার্যকরী ভূমিকার জন্য নির্ধারণ করা হয়েছে:

১। রাস্ট্রীয় মালিকানা- রাস্ট্রের সকল স্তরে সমন্বয়, শ্রেণীবিন্যাস এবং সক্ষমতা বৃদ্ধি করা।

২। ফলাফল এবং কাঙ্খিত প্রভাব- পারস্পরিক সুবিধার মাধ্যমে টেকসই উন্নয়নের ফলাফল অর্জন।

৩। অন্তর্ভূক্তিমূলক অংশীদারীত্ব- সকল স্তরে সংলাপ এবং পরামর্শের মাধ্যমে বিশ্বস্ততা বৃদ্ধি।

৪। স্বচ্ছতা এবং জবাবদিহিতা- শেখার জন্য টেকসই উন্নয়ন ফলাফল পরিমাপ ও প্রচার করা এবং সাফল্যের হার বৃদ্ধি করা।

৫। বাদ যাবে না কেউ- সকল অংশীদারদের স্বীকৃতি প্রদান, ঝুঁকিসমূহ জানানো এবং উত্তরণের উপায় বের করা।




**ঘ. KPA এর জন্য সিভিল সোসাইটি অর্গানাইজেশন (CSO)-এর জন্য প্রশ্নমালা**

প্রশ্নগুলি এই দেশে সিএসও-এর প্রতিনিধিত্ব করার জন্য জাতীয় সমন্বয়কারী কর্তৃক মনোনীত সিএসও ফোকাল পয়েন্টের কাছে সম্বোধন করা হয়েছে। কাজেই, নিম্নলিখিত প্রশ্নগুলি "আপনাদের" উদ্দেশ্যে সম্বোধন করা হয়েছে। অর্থাৎ এই প্রশ্নাবলীর উত্তর দেওয়ার আগে, ফোকাল পয়েন্ট সদস্যদের গ্রুপের সাথে পরামর্শ করেছেন।

KPA **শুরু করার জন্য প্রাসঙ্গিক প্রশ্ন:**

১. **আপনি কি বেসরকারি খাতে উন্নয়ন-সহযোগিতায়- কোনো উন্নয়ন অংশীদারদের সাথে জড়িত** (উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা)**?**

২. **হ্যাঁ/না]** (উত্তর যদি না হয়, তাহলে সি-১ এ যান)

**১.১ বেসরকারী খাতে উন্নয়ন সহযোগিতায়, উন্নয়ন অংশীদারদের সাথে আপনি কোনো ভূমিকা পালন করেছেন?**

[প্রযোজ্য হলে সকল বিষয় নির্বাচন করুন]
ক. প্রকল্প/কার্যক্রম নকশায়/প্রণয়নে
খ. প্রকল্প/কার্যক্রম বাস্তবায়নকারী অংশীদার হিসেবে
গ. সুবিধাভোগী হিসেবে (যেমন ক্ষুদ্রঋণ বা অন্যান্য ঋণ/অনুদান গ্রহীতা, সক্ষমতা উন্নয়ন কর্মসূচিতে অংশগ্রহণকারী হিসেবে)
ঘ. কর্মসূচি/প্রকল্পের সহ-অর্থায়নকারী হিসেবে
ঙ. অন্যান্য [নির্দিষ্ট করুন: ---------------------------]

**সি-১. উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততার নীতিমালার অবস্থা**

১. আপনি কি উন্নয়ন সহযোগিতায় টেকসই উন্নয়নে অবদান রাখার জন্য বেসরকারি খাতের ভূমিকা সম্পর্কে এই দেশের CSO কর্তৃক প্রণীত কোন নির্দেশিকা সম্পর্কে জানেন?

**[হ্যাঁ, না]**

২. আপনি কি সরকারের কোনো জাতীয় নীতিমালা/কৌশল -এ উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের ভূমিকা সম্পর্কে জানেন?

**[হ্যাঁ, না]**

৩. সরকারের কোনো নীতিমালা/কৌশল তৈরিতে আপনাকে যুক্ত করেছে যা উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের ভূমিকা সম্পর্কে উল্লেখ করে?

**[হ্যাঁ, না]**

৪. আপনি কি আপনার উন্নয়ন অংশীদারদের এমন কোনো নীতিমালা বা কৌশল সম্পর্কে জানেন যা এই দেশে (উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা) পরিচালিত হচ্ছে?

**[হ্যাঁ, না]**

**সি-২ উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততায় অন্তর্ভূক্তিমূলক সংলাপ**

১. সরকার কি গত ১২ মাসে উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা সংক্রান্ত কোনো জাতীয় সংলাপে আপনাকে যুক্ত করেছে?

**[হ্যাঁ, না]** (উত্তর যদি না হয়, তবে ২ দেখুন)

১.১ উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের ভূমিকা নিয়ে সরকার কর্তৃক আয়োজিত সাম্প্রতিকতম জাতীয় সংলাপে কি আপনার কাছে গুরুত্বপূর্ণ বিষয়গুলির সমাধান করেছে?

ক. খুব বেশি
খ. কিছুটা
গ. মোটেও না

১.২ সাম্প্রতিকতম জাতীয় সংলাপে আপনি যে মতামত প্রকাশ করেছেন, তা সরকার পরবর্তী পদক্ষেপে কতটা গ্রহণ করেছে বলে আপনি মনে করেন?

ক. খুব বেশি
খ. কিছুটা
গ. মোটেও না

১.৩ উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের ভূমিকা নিয়ে সাম্প্রতিকতম জাতীয় সংলাপ আপনার এবং অন্যান্য স্টেকহোল্ডারদের মধ্যে যৌথ সহযোগিতার কতটা ফলপ্রসু হয়েছে?
ক. খুব বেশি
খ. কিছুটা
গ. মোটেও না

২. আপনার জানা মতে, এই দেশে কতটি সক্রিয় উন্নয়ন অংশীদার আপনাকে উন্নয়নে বেসরকারি খাতের ভূমিকা নিয়ে সংলাপ এবং/অথবা পরামর্শে সম্পৃক্ত করেছে?

ক. কেউ নয়
খ. ১-২
গ. ৩-৪
ঘ. ৫-১০
ঙ. ১০ এর বেশি
(উত্তর: যদি "খ/গ/ঘ/ঙ" হয় তাহলে ২.১ দেখুন; যদি "ক" হয় তাহলে সি-৩ দেখুন)

২.১ উন্নয়ন সহযোগীদের দ্বারা আয়োজিত উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা বিষয়ক সংলাপ বা পরামর্শ কি আপনার কাছে গুরুত্বপূর্ণ বিষয়গুলি সমাধান/সম্মোধন করেছে?

ক. খুব বেশি
খ. কিছুটা
গ. মোটেও না

২.২ উন্নয়ন সহযোগীদের দ্বারা আয়োজিত উন্নয়ন সহায়তায় ডিসিতে PSE সংক্রান্ত সংলাপ বা পরামর্শ কি অন্যান্য স্টেকহোল্ডাদের সাথে যৌথ সহযোগিতার কোন ফলাফল দিয়েছে?

ক. খুব বেশি
খ. কিছুটা
গ. মোটেও না

**সি-৩ অংশীদার দেশগুলিতে উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততার মান**

**১. এই দেশের উন্নয়নে অবদান রাখার ক্ষেত্রে উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা কি কোন মূল্য যোগ করে? (প্রযোজ্য হলে সবগুলো নির্বাচন করুন)**

ক. উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা উন্নয়ন ফলাফলের জন্য প্রাসঙ্গিক পণ্য এবং/অথবা পরিসেবা তৈরি/বিতরণ করার জন্য তহবিল সংগ্রহে সহায়তা করেছে

খ. উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা উন্নয়ন ফলাফলের জন্য পণ্য এবং/অথবা পরিসেবা তৈরি/বিতরণ করার জন্য দক্ষতা বা বিশেষত জ্ঞান তৈরিতে সহায়তা করেছে

গ. উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা উন্নয়ন ফলাফলের জন্য প্রাসঙ্গিক পণ্য এবং/অথবা পরিষেবা তৈরি/বিতরণ করার জন্য বেসরকারি খাতের অনুভূত ঝুঁকি হ্রাস করতে সহায়তা করেছে

ঘ. অন্যান্য [নির্দিষ্ট করুন: ----------------------------]

(উত্তর যদি কোনও বিকল্পই না থাকে তবে ২ দেখুন)

২. আপনার অভিজ্ঞতার ভিত্তিতে বলুন, উন্নয়নের ফলাফল অর্জনে উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা কেন অবদান রাখে না? [ঐচ্ছিক প্রশ্ন]

[এখানে লিখুন:
-----------------------------------------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------সর্বোচ্চ ১০০ শব্দ]

৩. উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা কি উন্নয়নের ফলাফল অর্জনে অবদান রাখার সক্ষমতা/দক্ষতা তৈরি করছে?

**[হ্যাঁ, না]**

৪. উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা কি এই দেশের ফলাফল প্রদানকারী অগ্রাধিকার খাত (যেমন স্বাস্থ্য, শিক্ষা) হিসেবে আপনি বিবেচনা করেন?

ক. খুব বেশি
খ. কিছুটা
গ. মোটেও না

৫. উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা কি এই দেশের ফলাফল প্রদানকারী অগ্রাধিকার অঞ্চল হিসেবে আপনি বিবেচনা করেন?

ক. খুব বেশি
খ. কিছুটা
গ. মোটেও না

৬. উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা কি এই দেশের লক্ষ্যিত গোষ্ঠীর জন্য ফলাফল প্রদান কে আপনি অগ্রাধিকার হিসেবে বিবেচিত করেন?

ক. খুব বেশি
খ. কিছুটা
গ. কিছুটা
গ. মোটেও না

৭. আপনার অভিজ্ঞতার ভিত্তিতে, এই দেশে উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা প্রোগ্রাম/প্রকল্পগুলো কি জাতীয় মানদন্ডের (যেমন- পরিবেশগত, সামাজিক এবং শাসন [ESG] মানদন্ড, শ্রম মানদন্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ?
**[হ্যাঁ/না/প্রযোজ্য নয়; কারণ এই ধরনের মান সম্পর্কে অবগত নই]**

৮. আপনার অভিজ্ঞতার ভিত্তিতে, এই দেশের উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততার প্রোগ্রাম/প্রকল্পগুলো কি প্রাসঙ্গিক আন্তর্জাতিক মানদন্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ?
**[হ্যাঁ/না/প্রযোজ্য নয় যেহেতু এই ধরনের মানদন্ড সম্পর্কে অবগত নই] (উত্তর: যদি না হয়, তাহলে ৯ দেখুন)**

৮.১ উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা কোন আন্তর্জাতিক মানদন্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ: [প্রযোজ্য হলে সকল বিষয় নির্বাচন করুন]

ক. আন্তর্জাতিক শ্রম সংস্থার মানদন্ড
খ. জাতিসংঘের ব্যবসা ও মানবাধিকার সম্পর্কিত নীতিমালা
গ. OECD বহুজাতিক উদ্দ্যোক্তার নির্দেশিকা
ঘ. অন্যান্য [নির্দিষ্ট করুন: ----------------]

৯. আপনার অভিজ্ঞতার ভিত্তিতে, কতটি উন্নয়ন অংশীদার উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততার অংশ হিসেবে তাদের যৌথ মূল্যায়নে সম্ভাব্য ঝুঁকির যৌথ মূল্যায়ন করার জন্য আপনাকে যুক্ত করেছে?

ক. কেউ নয়
খ. ১-২
গ. ৩-৪
ঘ. ৫-১০
ঙ. ১০ এর বেশি

১০. আপনি কি উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা প্রকল্প এবং প্রোগ্রামগুলোর ফলাফল পর্যবেক্ষণ ও সংগ্রহ করেন?

**[ হ্যাঁ দেখভাল করি/আপনার জড়িত প্রকল্পগুলির জন্য হ্যাঁ/না] (উত্তরঃ যদি না হয়, তাহলে ১১ দেখুন)**

১০.১ আপনি কি উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা প্রকল্প এবং প্রোগ্রামগুলোর ফলাফল জনসাধারণের জন্য উন্মুক্ত করেন?

**[হ্যাঁ/না]**

১১. আপনি কি জানেন যে, সরকারের এমন কোনো প্রক্রিয়া বা ব্যবস্থা আছে যার মাধ্যমে আপনি উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা এর বিষয়ে অভিযোগ শেয়ার করতে বা অভিযোগ দায়ের করতে পারেন?

**[হ্যাঁ, না] (উত্তরঃ যদি না হয়, তবে ১২ দেখুন)**

১১.১ আপনি কি এই প্রক্রিয়া বা ব্যবস্থাটিকে পর্যাপ্ত এবং উপকারী বলে মনে করেন?

**[হ্যাঁ, না]**

১২. আপনার জানা মতে, কয়টি উন্নয়ন অংশীদার উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা এর বিষয়ে অভিযোগ শেয়ার করতে বা অভিযোগ দায়ের প্রক্রিয়া বা ব্যবস্থা বিষয়ে আপনার সাথে কাজ করেছেন ?

ক. কোনটিই নয়
খ. ১-২
গ. ৩-৪
ঘ. ৫-১০
ঙ. ১০-এর বেশি
(উত্তর: যদি "ক" হয় তাহলে ১৩-এ যান; যদি "খ/গ/ঘ/ঙ" হয় ১২.১-এ যান)

১২.১ সামগ্রিকভাবে, আপনি কি এই প্রক্রিয়া বা ব্যবস্থাটিকে পর্যাপ্ত এবং উপকারী বলে মনে করেন?

**[হ্যাঁ, না]**

১৩. এই দেশে গত তিন বছরে পরিচালিত উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা প্রকল্প বা প্রোগ্রামের একটি সফল উদাহরণ শেয়ার করুন এবং এর সাফল্যের চালিকাশক্তি উল্লেখ করুন:

[এখানে লিখুন: -----------------------সর্বোচ্চ ১০০ শব্দ]

১৪. গ্লোবাল পার্টনারশিপ মনিটরিং অনুশীলনে (এই মূল্যায়নসহ), অংশগ্রহণ করার আগে আপনি কি উন্নয়নে কার্যকর বেসরকারি খাতের সম্পৃক্ততার জন্য কামপালা নীতিমালা সম্পর্কে অবগত ছিলেন?

**[হ্যাঁ, না]**

**সি-৪ উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের সম্পৃক্ততা সুবিধা**

১. আপনার সামগ্রিক অভিজ্ঞতার ভিত্তিতে বলুন, এই দেশে বেসরকারি খাতের জন্য উন্নয়ন অংশীদারদের কাছ থেকে তহবিল/সম্পদ পাওয়া এবং অংশীদারিত্ব করা কতটা সহজ?

ক. খুব সহজ
খ. সহজ
গ. কিছুটা সহজ
ঘ. কঠিন
ঙ. খুব কঠিন

২. নিম্নোক্ত কোন কোন বিষয়গুলো উন্নয়ন সহযোগিতায় বেসরকারি খাতের অংশীদারীত্ব সহজ করে তুলবে? আপনার অভিজ্ঞতার আলোকে উত্তর নির্বাচন করুন। (প্রযোজ্য সবগুলো উত্তর বেছে নিন)

ক. বেসরকারি খাতের সম্পৃক্ততার সুযোগ আছে সেই সম্পর্কে স্পষ্ট যোগাযোগ
খ. বেসরকারি খাতের সম্পৃক্ততার প্রকল্প কীভাবে বেসরকারি খাতের অংশীদারের জন্য বাণিজ্যিকভাবে সফল হতে পারে সেই সম্পর্কে স্পষ্ট তথ্য
গ. উন্নয়ন অংশীদারদের দ্বারা দেশের অভ্যন্তরীণ ব্যবসা সম্পর্কে গভীর ধারণা রাখা
ঘ. পারস্পরিক আস্থা বৃদ্ধির জন্য বেসরকারি খাতের সম্পৃক্ততার উপর আরো সংলাপ আয়োজন করা
ঙ. উন্নয়ন অংশীদারদের কাছ থেকে আরো তহবিলের সুযোগ করা
চ. বেসরকারি খাতের জন্য উন্নয়ন অংশীদারদের কাছ থেকে তহবিলের জন্য আবেদন করার পদ্ধতি সহজ করা
ছ. উন্নয়ন অংশীদারদের কাছে তহবিলের আবেদনগুলো সম্পূর্ণ করার জন্য বেসরকারি খাতকে আরো সহায়তা/নির্দেশিকা প্রদান
জ. ডিউ ডেলিজেন্স এর জন্য উন্নয়ন অংশীদার তহবিল অনুমোদনের জন্য কম ডকুমেন্টেশন চাওয়া
ঝ. বেসরকারি খাতের অংশীদার করার জন্য উন্নয়ন অংশীদার থেকে ব্যবসার আকার অনুসারে সহ-বিনিয়োগ চাওয়া
ঞ. বেসরকারি খাতের অংশীদারদের জ্য নমনীয় অর্থ ফেরত চক্র করা
ট. প্রকল্পের ফলাফল এবং ফলাফল পরিমাপ এবং প্রতিবেদন করার জন্য বেসরকারি খাতের সক্ষমতা বৃদ্ধির উপর আরও মনোযোগ দেওয়া
ঠ. উন্নয়ন অংশীদারদের কাছে রিপোর্ট করার জন্য বেসরকারি খাতের জন্য কম শর্ত দেওয়া
ড. উন্নয়ন অংশীদারদের কাছে বেসরকারি খাতের অংশীদারদের প্রশ্ন বা জনাতে চাইলে দ্রুত সাড়া দেওয়া
ঢ. প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বেসরকারি খাতের অংশীদারদের আরো অধিক সময় প্রদান করা
ণ. উন্নয়ন অংশীদারদের মধ্যে আরো তথ্য শেয়ার এবং সমন্বয় করা বেসরকারি খাতের অংশীদারদের জন্য প্রয়োজনীয় প্রক্রিয়া এবং পদ্ধতি
ত. সকল স্টেকহোল্ডারদের মধ্যে আরো অধিক তথ্য শেয়ার করা (তহবিলের সুযোগ, চ্যালেঞ্জ ইত্যাদি)
দ. অন্যান্য [নির্দিষ্ট করুন: --------------------------------------------------------]